**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-03-2026** **Desk in Charge : S.D.G.**
**Time:- 7-50 PM** **Edit. & Compile. : DSS/ SDG**
**DEO: KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীতে সাম্প্রতিক হিংসার ঘটনায় কড়া পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন। # দায়িত্বে গাফিলতির অভিযোগে বাসন্তী থানার আইসি অভিজিৎ পালকে সাসপেন্ড করা হয়েছে।

২/ নদীয়ার রাণাঘাটে ভোটকর্মীকে নিগ্রহের ঘটনায় নির্বাচন কমিশন একজন বিডিও-কে শোকজ করেছে এবং ওই ঘটনায় জড়িতদের সাসপেন্ড করা হয়েছে।

৩/ রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আজ পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা।

৪/ প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন।

৫/ পশ্চিম এশিয়া সংঘাতের প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসেছেন।

৬/ আজ রামনবমী। এই উপলক্ষ্যে জেলায় জেলায় আজ'ও শোভাযাত্রা বের করা হয়।

***************************************************************************

দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীতে সাম্প্রতিক হিংসার ঘটনায় কড়া পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন। দায়িত্বে গাফিলতির অভিযোগে বাসন্তী থানার IC অভিজিৎ পালকে সাসপেন্ড করার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি তাঁর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করার কথাও জানানো হয়েছে। একইসঙ্গে বাসন্তী থানার IC পদে নতুন করে দায়িত্ব দেওয়া হয়েছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের ইন্সপেক্টর প্রবীর ঘোষকে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, ২৬ মার্চ অর্থাৎ গতকাল বাসন্তী বাজার এলাকায় হিংসার ঘটনায় কয়েকজন পুলিশ কর্মী-সহ একাধিক ব্যক্তি আহত হন। আগে থেকে রাজনৈতিক কর্মসূচির তথ্য থাকা সত্ত্বেও পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়নি বলেও অভিযোগ। এমনকি এলাকায় কেন্দ্রীয় বাহিনী থাকা সত্ত্বেও তা ব্যবহার করা হয়নি। এই ঘটনাকে গুরুতর গাফিলতি হিসেবেই দেখছে নির্বাচন কমিশন। তাই অবিলম্বে অভিজিৎ পালকে সাসপেন্ড করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় পদক্ষেপ শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, গোটা বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। আইন, আইনের পথে চলবে বলেও তিনি সাংবাদিকদের জানান-

( বাইট- মনোজ আগরওয়াল/ বাসন্তী )

উল্লেখ্য, বাসন্তীতে বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের ওপর হামলার ঘটনায় নির্বাচন কমিশন রিপোর্ট তলব করে।

******************************

এদিকে নদিয়ার রানাঘাটে ভোটকর্মীকে মারধরের ঘটনায় নির্বাচন আচরণ বিধিভঙ্গের অভিযোগে এক বিডিও-কে শোকজ করা হয়েছে। নদিয়ার জেলাশাসক, জেলা নির্বাচনী আধিকারিক শ্রীকান্তপল্লী জানিয়েছেন, ওই ঘটনা যুক্ত কর্মীদের সাসপেন্ড করা হয়েছে। অভিযুক্ত বিডিওর শোকজের জবাব এলে, তার ভিত্তিতে কমিশনকে রিপোর্ট দেওয়া হবে।

******************************

নদীয়ার রাণাঘাটে ভোটকর্মীকে নিগ্রহের ঘটনায় রাজ্য পুলিশের মহা নির্দেশকের পাঠানো রিপোর্টের ভিত্তিতে নির্বাচন কমিশন, কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ঘটনায় জড়িত দুজনকে চিহ্নিত ও তাদের বিরুদ্ধে FIR দায়ের করা হয়েছে।

( বাইট - মনোজ আগরওয়াল )

আগেই জানানো হয়েছে, সৈকত চ্যাটার্জি নামে ওই ভোটকর্মীকে নিগ্রহের ঘটনায় কমিশন, নদীয়ার জেলাশাসকের কাছ থেকে রিপোর্ট তলব করে।

উল্লেখ্য, রাণাঘাটের দেবনাথ ইন্সটিটিউটে ভোটকর্মীদের প্রশিক্ষণ শিবিরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ছবি সম্বলিত ভিডিও ক্লিপিং দেখানোর প্রতিবাদ করায়, সৈকত চ্যাটার্জিকে মারধোরের অভিযোগ উঠেছে। এই ঘটনার প্রতিবাদে আজকের জন্য প্রশিক্ষণ বন্ধ রাখা হয়।

ভোট কর্মী ও BLO ঐক্যমঞ্চ, রাণাঘাটে ভোটকর্মী নিগ্রহের ঘটনার তীব্র নিন্দা করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল, ওই ঘটনায় জড়িত সবাইকে দৃষ্টান্ত- মূলক শাস্তির দাবি জানান।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতিও এই ঘটনার সমালোচনা করেছে। সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ, রাজ্য জুড়ে ভোটকর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী জানিয়েছেন।

*****************************

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আজ পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই নিষ্পত্তি হয়েছে ৩২ লক্ষের। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটদাতার প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়। ই-সাইন প্রক্রিয়া অনুমোদিত নামগুলিই তালিকায় রয়েছে বলে জানা গেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষ থেকে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়।

এদিকে এস আই আর প্রক্রিয়ার বিচারাধীন ভোটারদের দ্বিতীয় সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হওয়ার আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ সন্ধ্যায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের সঙ্গে বৈঠকে বসেন।

*****************

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, সাধারণ মানুষের জ্ঞাতার্থে অবিলম্বে নির্বাচন কমিশনের কাছে সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশের দাবী জানিয়েছেন।

উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে দমদম বিমানবন্দরে রিনি আজ সাংবাদিকদের বলেন, কমিশন যা করছে তা গণতন্ত্রের পরিপন্থী। যাদের নাম বাদ গেছে, তাঁদের জেলায় জেলায় ট্রাইব্যুনাল করে নাম তোলার দাবি জানান তিনি। ইচ্ছাকৃতভাবে এইসব নাম বাদ দেওয়া হচ্ছে বলেও তাঁর অভিযোগ।

( বাইট- মমতা/ ভোটার তালিকা)

*****************

রাজ্যে আসন্ন বিধানসভায় নির্বাচনের কাজে যুক্ত কোনো সরকারি অধিকারীক বা কর্মী যদি রাজনৈতিক দলের হয়ে বা নিরপেক্ষ ভাবে কাজ না করেন, তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এই বিষয়ে নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে এই সম্পর্কিত বিষয়ে সকল স্তরের সরকারি কর্মী ও অধিকারিককে অবগত করতে ইতিমধ্যে কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকের অধীনে সমস্ত রিটার্নিং অফিসার দের জানানো হয়েছে। কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক রনধীর কুমার একথা জানিয়েছেন।

*****************

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে একাধিক IAS অফিসারকে বিভিন্ন বিধানসভা কেন্দ্রে 'রিটার্নিং অফিসার' হিসেবে নিয়োগ করেছে রাজ্য সরকার। নবান্ন থেকে জারি হওয়া বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বদলি হওয়া সমস্ত আধিকারিকদের অবিলম্বে নতুন কর্মস্থলে যোগ দিতে হবে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, মইন আহমেদকে জলপাইগুড়ির সদর মহকুমায় এসডিও ও রিটার্নিং অফিসার করা হয়েছে। শ্রী রবি কুমার মীনা আলিপুরে, রবিরঞ্জন হাওড়ায় এবং প্রিয়দর্শিনী এস হুগলিতে দায়িত্ব পাচ্ছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়া, কাঁথি ও এগরাতেও নতুন করে এসডিও-দের উপর নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অর্পণ করা হয়েছে। আসানসোল পুরনিগমের কমিশনার একম জি সিংহকে পশ্চিম মেদিনীপুরে এডিএম পদে এবং নিউটাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটির সিইও আবদুল সাহিদকে একই জেলায় এডিএম ডেভেলপমেন্ট হিসেবে পাঠানো হয়েছে। বাঁকুড়ায় এডিএম হিসেবে দায়িত্ব পেয়েছেন প্রিয়দর্শিনী ভট্টাচার্য।

*****************

রাজ্যে বিধানসভা নির্বাচন প্রক্রিয়ায় শীর্ষস্থানীয় আধিকারিকদের বদলি করার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানি শেষে, 'রায়দান স্থগিত' রেখেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, নির্বাচন কমিশনকে এই সংক্রান্ত নথি আগামী সোমবার আদালতে জমা করার নির্দেশ দিয়েছেন। তারপরই এই মামলার রায় ঘোষণা করবে হাইকোর্ট।

*****************

প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন। রাত এগারোটা চল্লিশ নাগাদ তাঁর কলকাতা বিমানবন্দরে পৌঁছনোর কথা। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে রাত্রিবাস করবেন তিনি।

আগামীকাল বেলা ১২টা নাগাদ এক সাংবাদিক বৈঠকে, আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখবেন তিনি।  আগামীকালই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

*****************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ আগামী রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

*****************

পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসেছেন। ভোটমুখী চার রাজ্য–পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, অসম, কেরালা ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরীতে আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি বৈঠকে যোগ দিচ্ছেনা।

*****************

সরকার, ডিজেল ও বিমানের জ্বালানী হিসেবে 'এভিয়েশন টার্বাইন ফুয়েল' ATF-এর ওপর রপ্তানি শুল্ক আরোপ করেছে এবং পেট্রোলের ওপর অভ্যন্তরীণ লেভি তুলে নিয়েছে। পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে আন্তর্জাতিক বাজারে তেলের দাম ক্রমাগত বাড়তে থাকায় গ্রাহকদের স্বার্থ সুরক্ষিত রাখা এবং এগুলির পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করার লক্ষ্যেই এই পদক্ষেপ। কেন্দ্রীয় পরোক্ষ কর ও সীমা শুল্ক পর্ষদের চেয়ারম্যান বিবেক চতুর্বেদী আজ পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আন্তঃমন্ত্রক পর্যায়ের এক বৈঠকে বলেন, আন্তর্জাতিক ক্ষেত্রে তেলের দাম যেখানে প্রায় আকাশছোঁয়া, সেই সময় রপ্তানি নিরুৎসাহিত করার জন্যই এই পদক্ষেপ নেওয়া হল। ডিজেলের ক্ষেত্রে রপ্তানি শুল্ক প্রতি লিটারে ২১ টাকা ৫০ পয়সা এবং ATF-এর ক্ষেত্রে ২৯ টাকা ৫০ পয়সা ধার্য্য করা হয়েছে। পেট্রোলকে অবশ্য এই শুল্কের আওতা থেকে ছাড় দেওয়া হয়েছে। শ্রী চতুর্বেদী আরো জানান, ১৫ দিন অন্তর এই হার পর্যালোচনা করা হবে।

উল্লেখ্য, এর আগে ডিজেলের ওপর অন্তঃশুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করে নেওয়া হয়। পেট্রোলের ক্ষেত্রে এই হার লিটার পিছু ১৩ টাকা থেকে কমিয়ে তিন টাকা করা হয়েছে।

*****************

দেশে ডিজেলের অন্তঃ শুল্ক কমানোর জন্য বিজেপি, প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, পশ্চিম এশিয়ার সংঘাতের কারণে দেশে গ্যাস এবং জ্বালানি নিয়ে অপপ্রচার করে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছিল। সেই পরিস্থিতিতে প্রধানমন্ত্রী ডিজেলের অন্তঃ শুল্ক দশ টাকা কম করেছেন। সারা বিশ্বে মন্দার প্রভাব পড়লেও দেশে সেই প্রভাব পড়েনি। এর জন্য শ্রী ভট্টাচার্য প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানিয়েছেন।

( বাইট-শমীক/ ধন্যবাদ)

*****************

রামনবমীতে আজ'ও জেলায় জেলায় রামনবমী উপলক্ষ্যে আজ'ও শোভাযাত্রা বের করা হয়। এদিকে, মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে আজ রামনবমীর শোভাযাত্রা কে ঘিরে দফায় দফায় তিন জায়গায় দুই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। দোকানপাট ভাংচুর, লুঠপাট,

অগ্নিসংযোগের মত ঘটনা ঘটে। একাধিক ব্যাক্তি জখম হয়েছেন।

*******************************************************************